অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল UNITED UNIVERSITY PROFESSIONS-এর সাথে পাঁচ বছর মেয়াদি শ্রম চুক্তির আনুষ্ঠানিক অনুমোদনের ঘোষণা করলেন

UUP-এর সদস্যদের বিপুল সমর্থন নিয়ে চুক্তিটি অনুমোদিত হয়েছে

দেশের বৃহত্তম উচ্চশিক্ষা ইউনিয়ন UUP-এর সাথে এই চুক্তিটি SUNY সিস্টেমের প্রায় 42,000 অনুষদ এবং পেশাদার কর্মীদের অন্তর্ভুক্ত করে

চুক্তিতে বার্ষিক বেতন বাড়ানো, লোকেশন পে বাড়ানো এবং স্বাস্থ্য বেনিফিট উন্নত করা আছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে United University Professions (UUP)-এর সাথে পাঁচ বছর মেয়াদি একটি শ্রম চুক্তির আনুষ্ঠানিক অনুমোদনের ঘোষণা করেছেন যার আওতায় প্রায় 42,000 SUNY-এর ফ্যাকাল্টি ও প্রোফেশনাল চাকরিজীবী থাকবেন। চুক্তিটি, যা 1 জুলাই, 2031 পর্যন্ত কার্যকর থাকবে, ভোট প্রদানকারী UUP সদস্যদের 98 শতাংশের অনুমোদন পেয়েছে।

"এই চুক্তি United University Professions-এর পরিশ্রমী সদস্যদের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ, যা State University of New York (SUNY)-তে তাদের অবদানকে স্বীকৃতি দেয় এবং একই সাথে নিউ ইয়র্কের সরকারি ইউনিভার্সিটি ব্যবস্থা ও এর মেধাবী কর্মীবাহিনীর প্রতি আমার প্রশাসনের সমর্থনকেও তুলে ধরে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্টেট ইউনিভার্সিটিগুলির শিক্ষার্থীদেরকে একটি বিশ্বমানের শিক্ষা এবং তাদের প্রয়োজনীয় সমর্থন দিয়ে সামনের দিনের চ্যালেঞ্জের জন্য তাদের প্রস্তুত করার মাধ্যমে তাদের বিকাশ ও সমৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখা নিশ্চিত করার জন্য আমি UUP-এর নিবেদিত সদস্যদের ধন্যবাদ জানাই, এটি নিউ ইয়র্ক স্টেটের ভবিষ্যতের জন্যও একটি মূল্যবান বিনিয়োগ।"

United University Professions-এর প্রেসিডেন্ট Frederick E. Kowal (ফ্রেডেরিক ই কোয়াল) বলেন, "আমি গভর্নর Kathy Hochul-কে (ক্যাথি হোকল) ধন্যবাদ জানাতে চাই কারণ তিনি এমন একটি চুক্তির ব্যাপারে আমাদের সাথে কাজ করতে আগ্রহী ছিলেন যা শিক্ষাদান, শিক্ষার্থী সহায়তা, চিকিৎসা সেবা এবং জীবন বদলে দেওয়া গবেষণায় আমাদের সদস্যদের গুরুত্বপূর্ণ কাজকে স্বীকৃতি দেয়। গভর্নর সরকারি উচ্চ শিক্ষার গুরুত্ব বোঝেন, মধ্যবিত্ত শ্রেণি গঠনে শ্রমিক ইউনিয়নগুলির কেন্দ্রীয় ভূমিকার মূল্যায়ন করেন এবং এই চ্যালেঞ্জে ভরা সময়ে শ্রমজীবী মানুষের প্রতি গভীর সহমর্মিতা প্রদর্শন করেন।"

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "SUNY-এর একাডেমিক অসাধারণত্ব হলো আমাদের অসাধারণ ফ্যাকাল্টির সদস্য এবং কর্মীদের প্রতিফলন। নিউ ইয়র্কবাসী একটি বিশ্বমানের শিক্ষা, যুগান্তকারী গবেষণা ও স্কলারশিপ, চিকিৎসা সহায়তা ও দক্ষতা এবং অন্যান্য অপরিহার্য প্রয়োজন ও পরিষেবার জন্য SUNY-এর ওপর নির্ভর করে। এই যথাযথভাবে প্রাপ্য চুক্তি নিশ্চিত করার জন্য এবং আমাদের বিশ্বমানের শিক্ষক ও কর্মীদের সমর্থন করার জন্য আমরা গভর্নর Kathy Hochul-কে (ক্যাথি হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর Toby Ann Stavisky (টোবি অ্যান স্টাভিস্কি) বলেন, "চুক্তিটির আনুষ্ঠানিক অনুমোদনের খবর শুনে আমি অত্যন্ত আনন্দিত। SUNY-এর ফ্যাকাল্টি এবং প্রোফেশনাল কর্মীরা আমাদের সরকারি ইউনিভার্সিটি ব্যবস্থার প্রাণ। তারা আমাদের শিক্ষার্থীদের শিক্ষা দেন, গবেষণাকে অগ্রসর করেন, এবং আমাদের স্টেটের প্রতিটি অঞ্চলের নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগের দ্বার উন্মুক্ত করেন। UUP-এর প্রেসিডেন্ট Dr. Kowal (ডাঃ কোয়াল), চ্যান্সেলর King (কিং) এবং গভর্নর Hochul-এর (হোকল) এই চুক্তিতে পৌঁছাতে করা কাজের জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। যখন আমরা পরবর্তী প্রজন্মকে প্রস্তুত করার দায়িত্বে থাকা মানুষদের জন্য বিনিয়োগ করি, তখন আমরা SUNY এবং নিউ ইয়র্কের ভবিষ্যৎকে আরো শক্তিশালী করি।"

অ্যাসেম্বলির সদস্য Alica J. Hyndman (অ্যালিসিয়া জে হাইন্ডম্যান) বলেন, "State University of New York-এ সেরা মেধাবীদের আকৃষ্ট করতে হলে, বর্তমান সময়ের বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে তাদের পারিশ্রমিক নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। SUNY ব্যবস্থার 42,000 ফ্যাকাল্টি এবং প্রোফেশনাল কর্মীদের এমন বেতন, বেনিফিট এবং স্বাস্থ্য সেবা প্রাপ্য যা দিয়ে এম্পায়ার স্টেটে বসবাস ও সমৃদ্ধি করা সম্ভব। যখন ফ্যাকাল্টি ও কর্মীদের জীবনধারণের জন্য নিরন্তর সংগ্রাম করতে হয় না, তখন তারা ভবিষ্যতের নেতা হয়ে উঠতে এবং সমৃদ্ধি করতে শিক্ষার্থীদের সাহায্য করার ক্ষেত্রে পূর্ণ মনোযোগ দিতে পারবেন।"

আনুষ্ঠানিকভাবে অনুমোদিত চুক্তির পাঁচ বছরের প্রতিটি বছরে যেভাবে বেতন বাড়ানো হবে: 4.5 শতাংশ, 4 শতাংশ, 3.5 শতাংশ, 3 শতাংশ এবং 3 শতাংশ। চুক্তিতে লোকেশন পে বাড়ানো এবং আরো বেশ কিছু ইউনিটভিত্তিক নির্দিষ্ট পেমেন্ট আছে। সদস্যরা এছাড়াও 20 ঘণ্টা বেতনসহ প্রসব-পূর্ব ছুটি এবং অসুস্থতাজনিত ছুটি সঞ্চয়ের সর্বোচ্চ সীমা বাড়ার সুবিধাও পাবেন। চুক্তিতে এছাড়াও স্বাস্থ্য ইন্স্যুরেন্সের এমন ব্যবস্থা আছে যা নির্দিষ্ট কো-পে বাতিল করবে এবং নেটওয়ার্কের ভেতরের সেবাদানকারী ব্যবহার করার প্রণোদনা দিবে। এর ফলে সেবার জন্য অনুমিত খরচ কমবে এবং আমাদের কর্মীদের জন্য ভবিষ্যৎ প্রিমিয়াম বৃদ্ধির হার কমাতে সাহায্য করবে।

###

টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন

এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।